ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-৯৩/২০১৭/১৪৮০৬

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

ফুলতলা আহমাদিয়া ফাজিল মাদ্‌রাসা, ডাকঘরঃ ফুলতলা, উপজেলাঃ ফুলতলা, জেলাঃ খুলনা-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৬.০৬.২০২৪ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্‌রাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ১২.০৮.২০২৪ খ্রিঃ থেকে ১১.০৮.২০২৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো ঃ

শর্তসমূহ ঃ

১. ফাজিল (স্নাতক) স্তরে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে;
২. শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় দক্ষ করে তুলতে হবে;
৩. গভর্নিং বডির মাধ্যমে সকল আয়-ব্যয় অনুমোদন করতে হবে;
৪. মাদরাসার সাইনবোর্ডে ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
৫. শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত এবং একাডেমিক কমিটি গঠন করে শিক্ষার্থীদের উপস্থিতি ও ক্লাস পর্যবেক্ষণ করে রিপোর্ট সংরক্ষণ করতে হবে;
৬. শিক্ষার্থীদের তথ্য ও প্রযুক্তির বিষয়ে উদ্যোগ নিতে হবে;
৭. অভিভাবক সমাবেশ ও শিক্ষার্থীদের মোটিভেশনাল প্রোগ্রাম করতে হবে;
৮. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুন:নবায়নের আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

১৫/৭/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদ্‌রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
ফুলতলা আহমাদিয়া ফাজিল মাদ্‌রাসা
ডাকঘরঃ ফুলতলা, উপজেলাঃ ফুলতলা, জেলাঃ খুলনা

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-৯৩/২০১৭/১৪৮০৬(৭)

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. মহাপরিচালক, মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, ফুলতলা আহমাদিয়া ফাজিল মাদ্‌রাসা, ডাকঘরঃ ফুলতলা, উপজেলাঃ ফুলতলা, জেলাঃ খুলনা
৭. অফিস নথি।

15.07.25

(ছায়েদ আহাম্মদ মজুমদার)
সেকশন অফিসার
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২